

শাবিপ্রবির ভর্তি পরীক্ষায় আপাতত সব কোটা স্থগিত

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ১২ মার্চ ২০২৫



সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তিতে সব ধরনের কোটা আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত হয়েছে। বুধবার দুপুরে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ১৮০তম অ্যাকাডেমিক কাউন্সিল সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক সাজেদুল করিম জানান, ‘অ্যাকাডেমিক কাউন্সিল সর্বসম্মতিক্রমে কোটা স্থগিতের সিদ্ধান্ত নিয়েছে। ভর্তি কমিটি অংশীজনদের সঙ্গে আলোচনা করে যৌক্তিক কোটা সংরক্ষণে সুপারিশ করবে, যার ভিত্তিতে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।’

বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির তথ্য অনুযায়ী, ২৮টি বিভাগে স্নাতক পর্যায়ে মোট ১,৬৭১টি আসন রয়েছে। এর মধ্যে বিজ্ঞান অনুষদের বিভাগগুলোতে ৯৮৫টি, সামাজিক বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের বিভাগগুলোতে ৫৮১টি এবং কোটা সংরক্ষিত আসন ছিল ১০৫টি।

কোটাগুলোর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় ২৮টি, ক্ষুদ্র জাতিগোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত কোটায় ২৮টি, প্রতিবন্ধী কোটায় ১৪টি, পোষ্য কোটায় ২০টি, চা শ্রমিক কোটায় পাঁচটি এবং বিকেএসপি (খেলোয়াড়) কোটায় ১০টি আসন অন্তর্ভুক্ত ছিল।

এর আগে, সোমবার শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে পোষ্য কোটাসহ সব ধরনের অযৌক্তিক কোটা বাতিলের দাবিতে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিয়েছিলেন।